গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

বিষয়: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের এপ্রিল ২০১৭'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ জিল্লার রহমান, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ৩০ এপ্রিল ২০১৭, সকাল ১০.০০ টায়। |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ # ৩২৩, ভবন # ৬, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা: **পরিশিষ্ট-'ক'**।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুসারে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | মার্চ-২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ | মার্চ-২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা হয়। | কোনরূপ সংশোধন/সংযোজন না থাকায় মার্চ-২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | অতিরিক্ত সচিব (সকল) ও সংস্থা প্রধানগণ, সকম |
| ২. | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০২ নভেম্বর ২০১৪ তারিখে সমাজকল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদানকৃত নির্দেশনার অগ্রগতি পর্যালোচনা; | ক. মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০২ নভেম্বর ২০১৪ তারিখে সমাজকল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে যে সমস্ত নির্দেশনা প্রদান করেছেন তার আলোকে মার্চ-২০১৭ মাসের অগ্রগতি প্রতিবেদন যথারীতি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে আলোচনা হয়। | ক. নির্দেশনাসমূহের হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে মাসের ১০ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল) ও সংস্থা প্রধানগণ, সকম উপসচিব (প্রশাসন-৫ শাখা), সকম। |
| | | খ. "দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' বিনির্মাণে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ধারণাপত্রের বিষয়ে গত ০২.০২.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বিষয়ে কার্যক্রমসমূহ আগামী ০১(এক) মাসের মধ্যে সম্পন্ন করে অবহিত করার জন্য এ মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা শাখার ০৯ এপ্রিল ২০১৭ তারিখের ৪১.০০.০০০০.০৪৩.০০১.১৭-৩১২ সংখ্যক পত্রে উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ এবং ভৈরব, কিশোরগঞ্জ-কে অনুরোধ করা হয়েছে। | খ. এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (কার্যক্রম), উপসচিব (কার্যক্রম), সকম। |
| ৩. | ডিজিটাল নথি ব্যবস্থাপনা; | মন্ত্রণালয়ের ডিজিটাল নথি ব্যবস্থাপনা কার্যক্রম শুরু হয়েছে। এ পর্যন্ত ডাক গ্রহণ ২৭১টি, পত্র জারী ১৩টি, স্ব উদ্যোগে নোট ৪২টি, ডাক থেকে সৃজিত নোট ১০টি। এছাড়া গত সপ্তাহে ৫০টি মন্ত্রণালয়ের মধ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ই-নথি ব্যবহারে ৩৩তম অবস্থানে রয়েছে মর্মে আলোচনা হয়। | ডিজিটাল নথি ব্যবস্থাপনা কার্যক্রম চলমান রাখতে হবে এবং এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), সকম যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম। |
| ৪. | জাতীয় শুদ্ধাচার কৌশল আলোকে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত; | ক. শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে গত ৩০ মার্চ-২০১৭ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | ক. এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | সংস্থা প্রধানগণ ও যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ. জরুরী-অংশীজনের অংশগ্রহণে ''সমন্বয় পরিষদের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন: বর্তমান প্রেক্ষিত ও ভবিষ্যৎ'' এ বিষয়ে ১টি ওয়ার্কশপ অনুষ্ঠিত হবে।<br><br>গ. শিশু বিধি প্রণয়নের বিষয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ডিও দেয়া হয়েছে। কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা বিধি প্রণয়নের ১ম খসড়া চলমান। পিতা-মাতার ভরণ-পোষণ বিধি প্রণয়নের ১ম খসড়া চলমান। দি প্রবেশন অব অফেন্ডারস্ অধ্যাদেশ, ১৯৬০ বাতিলপূর্বক নতুন আইন প্রণয়নের ২য় খসড়া প্রণয়ন চলমান। স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৬ মন্ত্রিপরিষদ পরিষদ বিভাগে প্রেরণের অপেক্ষাধীন।<br><br>ঘ. প্রতিবন্ধী বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনার খসড়া'র উপর স্টেক হোল্ডারদের মতামত গ্রহণের নিমিত্ত ২০-০২-২০১৭ তারিখ কর্মপরিকল্পনার কপি ১৪টি বেসরকারি প্রতিষ্ঠানে প্রেরণ করে ১৫ মার্চ ২০১৭ এর মধ্যে মতামত প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলে ৯টি সংস্থা থেকে মতামত পাওয়া গেছে। বাকি ৫টি সংস্থাকে ২০ এপ্রিল ২০১৭ তারিখের মধ্যে মতামত প্রদান করার জন্য তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে। সংস্থার নিকট থেকে মতামত পাওয়ার পর ওয়ার্কশপ করে প্রতিবন্ধী বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনার চূড়ান্ত খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br><br>ঙ. **সমাজকল্যাণ মন্ত্রণালয়:** মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ৬০ ঘন্টার মধ্যে ২৪ ঘন্টা প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।<br><br>**অধিদফতর:** সমাজসেবা অধিদফতরের কর্মকর্তা/কর্মচারীদের ৬০ ঘন্টার মধ্যে ৩২ ঘন্টা প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।<br><br>**ফাউন্ডেশন:** জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কর্মকর্তা/কর্মচারীদের ৬০ ঘন্টার মধ্যে ২০ ঘন্টা প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।<br><br>**পরিষদ:** বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্মকর্তা/কর্মচারীদের কর্মকর্তা/কর্মচারীদের ৬০ ঘন্টার মধ্যে ৩৬ ঘন্টা প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।<br><br>চ. প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্তুতকৃত ডাটা বেইজ ব্যবহার ও প্রকাশ সংক্রান্ত নীতিমালা প্রণয়নের নিমিত্ত অধিদফতর পর্যায়ে ৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। নীতিমালা প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। | খ. মে-২০১৭ মাসের মধ্যে এ বিষয়ে একটি ওয়ার্কশপ করা হবে।<br><br>গ. পিতা-মাতার ভরণ-পোষণ বিধি প্রণয়নের খসড়া আগস্ট-২০১৭ এবং প্রবেশন অব অফেন্ডারস্ অধ্যাদেশ এর খসড়া জুলাই -২০১৭ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। অবশিষ্ট বিধি/আইন এর বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।<br><br>ঘ. প্রতিবন্ধী বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনার খসড়া'র উপর যে সব সংস্থা থেকে মতামত পাওয়া গিয়েছে তাদের নিয়ে সভা করে সিদ্ধান্ত গ্রহণ করে মন্ত্রণালয়কে জানাতে হবে এবং অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।<br><br>ঙ.মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের জুন-২০১৭ এর মধ্যে ৬০ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।<br><br>* সমাজসেবা অধিদফতরের কর্মকর্তা/কর্মচারীদের জুন-২০১৭ এর মধ্যে ৬০ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।<br><br>* জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কর্মকর্তা/কর্মচারীদের জুন-২০১৭ এর মধ্যে ৬০ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।<br><br>* জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কর্মকর্তা/কর্মচারীদের জুন-২০১৭ এর মধ্যে ৬০ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।<br><br>চ. প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্তুতকৃত ডাটা বেইজ ব্যবহার ও প্রকাশ সংক্রান্ত নীতিমালা প্রণয়নের নিমিত্ত গাইড লাইন মে-২০১৭ মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | নির্বাহী সচিব জাতীয় সমাজকল্যাণ পরিষদ<br><br>সংস্থা প্রধানগণ ও যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম।<br><br>ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা), উপসচিব (প্রতিবন্ধিতা),সকম<br><br>সংস্থা প্রধানগণ ও অতিরিক্ত সচিব, (প্রশাসন) সকম, উপসচিব (প্রশাসন-১) সকম।<br><br>মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর ও কর্মসূচি পরিচালক, প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কর্মসূচি। |
| ৫. | সমাজসেবা অধিদফতর | **১ম শ্রেণির পদ:**<br>উপপরিচালকের অনুমোদিত পদ ৮৭টি। পিআরএল | ১ম ও ২য় শ্রেণি:<br>সমাজসেবা অধিদফতরের ১ম ও | অতিরিক্ত সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জনিত কারণে শূন্য ১২টি উপপরিচালক পদে কর্মকর্তা পদায়ন করা হয়েছে।<br>সহকারী পরিচালকের অনুমোদিত মোট পদ ১১২টি। বর্তমানে সহকারী পরিচালকের কোন পদ শূন্য নেই। বর্তমানে ১ম শ্রেণির মোট শূন্য পদ ২৬৯টি পদে মধ্যে ১০% সংরক্ষণের বিধানমতে ২৭টি পদ সংরক্ষণ করা হয়েছে। অবশিষ্ট শূন্যপদ (২৬৯-২৭) = ২৪২টি। ২৪২টির মধ্যে ২২২টি পদ পিএসসিতে ৩৫তম বিসিএস থেকে নিয়োগের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ২২২টি পদের মধ্যে ইতোমধ্যে ২০১টি পদ পিএসসি সুপারিশ করেছে মর্মে পিএসসির ওয়েবসাইট থেকে জানা যায়। অবশিষ্ট (২৪২-২২২)= ২০টি পদের মধ্যে ৩ জনের পদোন্নতি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। অবশিষ্ট (২০-০৩) = ১৭টি পদের মধ্যে ৩জনের এসিআর ত্রুটি/বিচ্যুতি সংশোধনের জন্য বলা হয়েছে। ০১জনের বিরুদ্ধে বিভাগীয় মামলা ও ফৌজদারী মামলা থাকায় পিএসসি পদোন্নতির সুপারিশ করেননি। জনাব মো: রফিকুল ইসলামের পদোন্নতির প্রস্তাব করা হলেও তার ২০১৩ সালের এসিআর সংশোধনপূর্বক প্রেরণের জন্য পিএসসি অনুরোধ করেছে। অবশিষ্ট (১৭-৫) = ১২টি পদ ৩৪তম বিসিএস ননক্যাডার প্রার্থী স্বাস্থ্য পরীক্ষায় উপস্থিত হয়নি। ১২টি পদে প্রার্থী নিয়োগের নিমিত্ত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের জন্য মার্চ ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভায় সমাজসেবা অধিদফতরকে বলা হয়েছে। অদ্যাবধি প্রস্তাব পাওয়া যায়নি।<br><br>**২য় শ্রেণির পদ:**<br>**২য় শ্রেণির মোট শূন্য পদ ১২৯টি।**<br>১২৯টি পদের মধ্যে ৮৮টি পদে বিসিএস পরীক্ষায় উর্ত্তীণ প্রার্থীদের মধ্যে হতে নিয়োগের প্রস্তাব পিএসসিতে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট (১২৯-৮৮)=৪১টি পদের মধ্যে পিএসসি কর্তৃক ৩৪তম বিসিএস থেকে ১২জন প্রার্থীকে নিয়োগের সুপারিশ করেছে, যার মধ্যে ৯ জনের প্রাক জীবন বৃত্তান্ত প্রতিবেদন জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে পাওয়া গেছে। তাদের নিয়োগ প্রক্রিয়াধীন। অবশিষ্ট (৪১-০৯)=৩২টি পদের মধ্যে নিয়োগ বিধি অনুযায়ী ৩য় শ্রেণির মধ্যে হতে প্রাপ্ত ২৭ জনের পদোন্নতির প্রস্তাব পিএসসিতে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট (৩২-২৭) = ৫ জনের নিয়োগের প্রস্তাব প্রদানের জন্য সমাজসেবা অধিদফতরকে বলা হয়েছে। | ২য় শ্রেণি মোট পদ, শূন্যপদ ও পদোন্নতি ও শূন্যপদ পূরণের হালনাগাদ তথ্যাদি আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | (প্রশাসন) , সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৬ শাখা), সকম। |
| | | **৩য় শ্রেণির পদ:**<br>৩য় শ্রেণীর সহকারী শিক্ষক ও ফিল্ড সুপারভাইজার পদে সরকারী বিধি বিধান অনুযায়ী সহসাই নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হবে।<br><br>**৪র্থ শ্রেণির পদ:**<br>৪র্থ শ্রেণীর অফিস সহায়ক পদে ৮৩,৭২৬ জনের লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সহসাই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। | **৩য় ও ৪র্থ শ্রেণি:**<br>সমাজসেবা অধিদফতরের সব ক্যাটাগরির ৩য় ও ৪র্থ শ্রেণির মোট পদ, শূন্যপদ ও পদোন্নতি ও শূন্যপদ পূরণের হালনাগাদ তথ্যাদি আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর। |
| ৬. | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নিজস্ব জমিতে বহুতল বিশিষ্ট (১৬তলা) ''সমাজকল্যাণ ভবন'' নির্মাণের লক্ষ্যে Architectural, Structural এবং Engineering Design ও সকল নির্মাণ কাজের প্রাক্কলন জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা বরাবর ০১ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের ১১২ সংখ্যক স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নিজস্ব জমিতে বহুতল বিশিষ্ট (১৬তলা) ''সমাজকল্যাণ ভবন'' নিমার্ণের অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কার্যক্রম থার্ড পার্টি দ্বারা সমীক্ষা করে প্রতিবেদন ০৪ এপ্রিল ২০১৭ তারিখ সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন। |
| ৮. | শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ) | শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ) এর মিরপুর, ঢাকা ও লালমনিরহাটের শিশুপরিবারের গত ৪ বছরে সার্বিক উন্নয়ন কর্মকান্ড বিষয়ে আলোচনা হয়। | শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ) এর সার্বিক উন্নয়ন বিষয়ে প্রতিবেদন ০২(দুই) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ)। |
| ৯. | শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প | মৈত্রী শিল্পের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের লক্ষ্যে জেলা/উপজেলা পর্যায়ে বাজার সম্প্রসারণের কার্যক্রম চলমান রয়েছে। ময়মনসিংহ ও খুলনা বিভাগে বিপণনের পাইলট কার্যক্রম চলমান রয়েছে। রাজশাহী ও কুমিল্লা বিভাগে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | মৈত্রী শিল্পের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের লক্ষ্যে জেলা/উপজেলা পর্যায়ে বাজার সম্প্রসারণের বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। একইসাথে প্রতিষ্ঠানের লাভ/ক্ষতি সংক্রান্ত প্রতিবেদন প্রতি ০৩(তিন) মাস অন্তর অন্তর মন্ত্রণালয়ের প্রেরণে করতে হবে। | নির্বাহী পরিচালক (উপসচিব), শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প। |
| ১০. | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট | দেশের অটিজম ও নিউরো- ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাস্থ্য ও জীবন ঝুঁকি হ্রাসকল্পে তাদেরকে স্বাস্থ্য ও গ্রুপ বীমার আওতায় আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জীবন বীমা কর্পোরেশনের বিদ্যমান পলিসিতে এ ধরণের প্রতিবন্ধী ব্যক্তিদের বীমাকরণের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা না থাকায় জীবন বীমা কর্পোরেশন কর্তৃপক্ষের নীতি নির্ধারণী পর্যায়ে এনডিডি ব্যক্তিদের বীমাকরণের বিষয়টি বিবেচনাধীন রয়েছে। জীবন বীমা কর্পোরেশন ও অন্যান্য সংস্থার সঙ্গে এ বিষয়ে যোগাযোগ করা হচ্ছে। তাছাড়া এ বিষয়ে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপস্থিতিতে বিভিন্ন বীমা কোম্পানির প্রতিনীধিদের সমন্বয়ে সভা আহ্বানের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | আগামী ২০ মে ২০১৭ তারিখের মধ্যে সভা করার সিদ্ধান্ত হয় এবং অগ্রগতি প্রতিবেদন আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট। |
| | বিবিধ:<br><br>ক. মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন আইন/বিধিমালা প্রণয়ন সংক্রান্ত; | ক. স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৬ মন্ত্রিপরিষদ পরিষদ বিভাগে প্রেরণের অপেক্ষাধীন। | ক. এ বিষয়ে অগ্রগতি আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), উপসচিব (আইন ও সংস্থা ), সকম। |
| | খ. বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইনের খসড়া আগামী ২ মাসের মধ্যেই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | খ. বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন ২০১৬ প্রণয়ণের বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী আইনের খসড়াটি পুনঃনিরীক্ষণ করার জন্য সমাজকল্যাণ পরিষদকে অনুরোধ করা হয়েছে। | খ. এ বিষয়ে অগ্রগতি আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), সকম নির্বাহী সচিব বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ও উপসচিব (আইন ও সংস্থা ), সকম। |
| | গ. অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ক; | গ. **সমাজকল্যাণ মন্ত্রনালয়:** সমাজকল্যাণ মন্ত্রণালয়ে মার্চ, ২০১৭ পর্যন্ত ১২টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। ২৮ মার্চ ২০১৭ মাসে ০৯টি ব্রডশীট জবাব নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>**সমাজসেবা অধিদপ্তর:** সমাজসেবা অধিদপ্তরে মার্চ ২০১৭ | গ. সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং এর অধীন দফতর/সংস্থাসমূহ নিজ নিজ অডিট আপত্তি নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভা করে ব্যবস্থা গ্রহণের বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় | সংস্থা প্রধানগণ, অতিরিক্ত সচিব (প্রশাসন), সকম। সহকারী সচিব (অডিট), সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পর্যন্ত ৯৪৯টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। মার্চ ২০১৭ মাসে ৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ০২টি নতুন অডিট আপত্তি পাওয়া গেছে। রংপুর জেলার আওতাধীন প্রাপ্ত ৪০টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বিপক্ষীয় সভা আহ্বানের আয়োজন করা হয়েছে।<br><br>**জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন:** জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন মার্চ ২০১৭ পর্যন্ত ৩৯টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। দ্বিপক্ষীয় সভা আহবানের নিমিত্ত স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে পত্র দেয়া হয়েছে।<br>**বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ:** বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ মার্চ ২০১৭ মাস পর্যন্ত ২১টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। ত্রিপক্ষীয় সভা আয়োজনের ব্যবস্থা নেয়া হচ্ছে। | সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | |
| | ঘ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত; | ঘ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের মার্চ ২০১৭ মাসের মাসিক প্রতিবেদন ২৪.০৪.২০১৭ তারিখের ৩৫২ সংখ্যক পত্রে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের প্রস্তুতি চলছে। | ঘ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের অগ্রগতি আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সংস্থাপ্রধানগণ, অতিরিক্ত সচিব (কার্যক্রম), সকম ও সহকারী সচিব (কর্মসূচি-১), সকম। |
| | ঙ.হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি সংক্রান্ত | ঙ. হিজড়া জনগোষ্ঠীকে আবাসনের মাধ্যমে পুনর্বাসনের জন্য ১০টি জেলার জেলা প্রশাসকগণকে দু' একর জমি অধিগ্রহণের জন্য পত্র প্রেরণ প্রক্রিয়াধীন। | ঙ. হিজড়া জনগোষ্ঠীকে আবাসনের মাধ্যমে পুনর্বাসনের বিষয়ে ১০টি জেলার জেলা প্রশাসকগণকে পত্র প্রেরণ করতে হবে। এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, অতিরিক্ত সচিব (কার্যক্রম),উপসচিব (কর্মসূচি-১), সকম। |
| | চ. চা শ্রমিকের জীবনমান উন্নয়ন কর্মসূচী সংক্রান্ত। | চ. চা শ্রমিকদের ঘরবাড়ী নির্মাণ করার বিষয়টি বিদ্যমান নীতিমালায় নেই বিধায় ঘরবাড়ী নির্মাণ করার বিষয়টি অন্তর্ভুক্তিপূর্বক নীতিমালা সংশোধনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | চ. এ বিষয়ে বিদ্যমান নীতিমালা সংশোধনের অগ্রগতি আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, সহকারী সচিব (কর্মসূচি-১), সকম। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত/০৪.০৫.২০১৭**
**মোঃ জিল্লার রহমান**
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়।